

স্বাস্থ্য

হামের উপসর্গে আরও ১১ শিশুর মৃত্যু



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ২৫ সেপ্টেম্বর ২০২৬, ০৭:১১ PM



হামের উপসর্গ নিয়ে মৃত্যু বেড়েই চলেছে। সারাদেশে রোগটির উপসর্গে আরও ১১ শিশু মারা গেছে। মারা যাওয়া এগারো শিশুর মধ্যে গত ২১ তারিখের ৪ জন রয়েছে। তথ্য বিলম্বে আসার কারণে ওই তারিখ এই তথ্য প্রকাশ করা হয়নি।

বুধবার (২৩ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় নতুন করে সন্দেহ ও নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন এক হাজার ২৭০ জন। তবে এই সময়ে নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি।

এতে আরও বলা হয়, গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে শনাক্ত রোগীর সংখ্যা এক হাজার ১৫৭ জন এবং গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত মোট হামরোগীর সংখ্যা এক লাখ ৮৩ হাজার ৪৪৯ জন।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামরোগীর সংখ্যা ১১৩ জন, গত ১৫ মার্চ থেকে ২৩ সেপ্টেম্বর পর্যন্ত নিশ্চিত হামরোগীর সংখ্যা ২০ হাজার ৮৫১ জন।

গত ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত হাম উপসর্গে মোট ৯৭৫ জন শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে নিশ্চিত হামে ১০১ জনের মৃত্যু হয়েছে।

এ বিভাগের আরও খবর



ডেস্তুতে এক দিনে রেকর্ড ১০ মৃত্যু
গত ২৪ ঘণ্টায় সারা দেশে ডেস্তুতে রেকর্ড ১০ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে নতুন করে ভর্তি হয়েছেন ১ হাজার ৯৯৬ জন। এ ন...



ডেঙ্গুতে মৃত্যু আরও ৯, হাসপাতালে নতুন ভর্তি ১৯০২ জন
প্রতিদিন ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা বাড়ছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৯ জনের মারা গেছে। একই
সময়ে ডেঙ্গুতে আক্রান্ত হ...



হাম উপসর্গে আরও ৩ জনের মৃত্যু
হামের প্রকোপ এখনো বাড়ছে। সারাদেশে ২৪ ঘণ্টায় হাম উপসর্গে মারা গেছে ৩ জন। একই সাথে সারা দেশে মোট ১ হাজার ৩৫৬ জন আক্রান্ত হয়েছে। গত ১৫ মার্চ থেকে...



সরকারি হাসপাতালের ৬২ শতাংশ অক্সিজেন প্লাস্টিক অকার্যকর
দেশের সরকারি হাসপাতালগুলোতে স্থাপিত ৯৯টি অক্সিজেন প্লাস্টিকের ৬১টিই অকার্যকর। বর্তমানে চালু আছে ৩৮টি। অর্থাৎ সরকারি হাসপাতালের প্রায় ৬২ শতাংশ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/health/hamer-upsrge-aro-11-shishur-mritju>